

সেমিনারে বক্তারা
শিক্ষা ক্ষেত্রে দুর্নীতির কারণে দেশের
৪০ শতাংশ মানুষ নিরক্ষর

৪-বিদ্যালয়ের বিশেষায়িত

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে বক্তারা বলেছেন, বাংলাদেশের ৪০ শতাংশ মানুষ নিরক্ষর। অর্ধশতাব্দির নিরক্ষর মানুষের সংখ্যা প্রায় ৬ কোটি। শিক্ষাক্ষেত্রে চলমান দুর্নীতির কারণেই এ বিশাল জনগোষ্ঠী এখনো নিরক্ষর। গতকাল মঙ্গলবার দুর্নীতি প্রতিরোধ সাক্ষরতার ভূমিকা: পরিমার্জিত বাংলাদেশ শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ ও পরেখণা ইনস্টিটিউট (আইইআর) ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর যৌথ উদ্যোগে আইইআর সিনাক্ষরতনে এ সেমিনারের আয়োজন করা হয়। এতে আয়োজনের অংশ নেইটিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, আইইআরের ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক সিন্ধুকুর রহমান, অধ্যাপক আফস মলেক, দুই প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক মাসুমুজ্জামান। সাক্ষরতা বিষয়ক বিভিন্ন পরিসংখ্যান ভূপে ধরেন আউসার ভূইয়া।

ড. ইফতেখারুজ্জামান সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, শিক্ষিত হলেই সমাজ থেকে দুর্নীতি দূর করা সম্ভব নয়। তবে সাক্ষরতার মাধ্যমে দুর্নীতির ব্যাপারে জনগণকে সচেতন করে তোলা সম্ভব। নতুন শিক্ষা নীতিতে স্বচ্ছতা ও দায়বদ্ধিহিতার বিষয়টি নিশ্চিত করার ব্যাপারে গুরুত্বারোপ করেন তিনি।

ড. ইফতেখারুজ্জামান আরো বলেন, কেবল সরকারি ক্ষেত্রেই দুর্নীতি হয় না, বেসরকারি ও এনজিওগুলোতে দুর্নীতির মাত্রা ব্যাপক।